

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস
৬৬৮/৭, উত্তর আলেকান্দা রোড
বটতলা, বরিশাল

সংবাদপত্রের নাম:
প্রকাশের স্থান:
তারিখ:



01 DEC 2025

সংবাদ:
সম্পাদকীয়:
প্রবন্ধ:
চিত্রিত:

বরিশাল মেরিন একাডেমি থেকে ৬১ জন ক্যাডেটের প্রি-সী কোর্স সম্পন্ন

নিজস্ব প্রতিবেদক ॥ বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশালের ৪র্থ ব্যাচ ক্যাডেটদের ২ বছর মেয়াদী প্রি-সী কোর্সের শিক্ষা সমাপনী কুচকাওয়াজ রোববার একাডেমি প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

নেপরিবহন মন্ত্রণালয়ের সচিব ড. নুসর হার চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি তাঁর বক্তব্যে

২২ পা: ক: ৩

বরিশাল মেরিন একাডেমি

বলেন, আন্তর্জাতিক বাজারে দক্ষ মেরিন প্রফেশনালদের ক্রমবর্ধমান চাহিদা রয়েছে। যে কারণে বাংলাদেশে মেরিন একাডেমির সংখ্যা বৃদ্ধি করা অত্যন্ত প্রাসঙ্গিক। আমাদের একাডেমিসমূহের মেরিনাররা পৃথিবীর বিভিন্ন দেশের জাহাজে কর্মরত রয়েছে এবং উল্লেখযোগ্য হারে বৈদেশিক মুদ্রা অর্জন করছে যা দেশের উন্নয়নে সরাসরি অবদান রাখছে।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, শিক্ষক ও সহপাঠীদের প্রতি সম্মান প্রদর্শন করবে। তোমাদের পদক্ষেপে প্রতিধ্বনিত হোক দেশের প্রতি ভালোবাসা, শৃঙ্খলার প্রতি অঙ্গীকার ও ভবিষ্যতের প্রতি দৃঢ় প্রত্যয়। জাতীয় পতাকা ও কর্তব্যের প্রতি সম্মান দেখিয়ে শুধু দেশ নয় আন্তর্জাতিক অঙ্গণে তোমাদের সেবা পৌঁছে দিবে। ভবিষ্যত বাংলাদেশ বিনির্মাণে তোমাদের এই অগ্রযাত্রা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উল্লেখ্য, এ বছর একাডেমির নটিক্যাল বিভাগে ৩০ জন এবং মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ৩১ জন ক্যাডেটসহ সর্বমোট ৬১ জন ক্যাডেট প্রি-সী কোর্স সম্পন্ন করে প্রশিক্ষণ সমাপ্ত করেছে। এসময় প্রধান অতিথি সাফল্যের স্বীকৃতিস্বরূপ ক্যাডেটদের মাঝে পদক বিতরণ করেন। সকল বিষয়ে সর্বোচ্চমান অর্জনকারী ক্যাডেট হিসেবে মেরিন নটিক্যাল বিভাগের ক্যাডেট সোহান ভূইয়া কমান্ড্যান্ট স্মরণ পদকপ্রাপ্ত হন। এছাড়া নটিক্যাল বিভাগ হতে ক্যাডেট ফেরহাদ হাসান এবং মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ হতে ক্যাডেট রিয়ান আহমেদ কমান্ড্যান্ট রৌপ্য পদক প্রাপ্ত হন।

বাংলাদেশ মেরিন একাডেমি বরিশালের কমান্ড্যান্ট ক্যাপ্টেন এস এম আতিকুর রহমানের সভাপতিত্বে শিক্ষা সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠানে মেরিন একাডেমির শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও গণমাধ্যমকর্মী উপস্থিত ছিলেন।